

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮১

কুমারঘাট, ১২ জুন, ২০২৪

দেওভ্যালি ভিলেজে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

কুমারঘাট ব্লকের দেওভ্যালি ভিলেজের চন্দ্রখা পাড়া এসবি স্কুলে আজ প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, স্বাস্থ্য, আয়ুষ্সহান ভারত, পঞ্চায়েত, বন, প্রাণীসম্পদ বিকাশ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান এবং ট্রাইবেল রিহাবিলিটেশন প্ল্যান্টেশন অ্যান্ড পার্টিকুলারলি ভার্নারেবল ট্রাইবেল গ্রুপ দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। শিবিরে কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা এলাকার জনগণের সাথে উন্নয়ন কর্মসূচি ও বিভিন্ন সমস্যা নিয়ে মতবিনিময় করেন। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ২২টি পিআরটিসি, ২৩টি এসটি শংসাপত্রের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে ৭টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে শিবিরে ১০৫টি গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। শিবিরে উপস্থিত ছিলেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. সুচরিত চাকমা ও ট্রাইবেল রিহাবিলিটেশন প্ল্যান্টেশন অ্যান্ড পার্টিকুলারলি ভার্নারেবল ট্রাইবেল গ্রুপ দপ্তরের উপঅধিকর্তা আর এম দার্লৎ।
